# এসএসসি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড: | ১ | ১ | ২ |

### সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶ সোহম প্রকৃতি প্রেমিক। সে মনে করে বৃক্ষের মধ্যেও ঈশ্বর বিরাজমান। তাই সে গাছপালার পরিচর্যা করে। কেউ গাছ কাটলে তার খুব খারাপ লাগে। বাড়ির কুকুর, বিড়াল এমনকি কাককেও সে খাওয়াতে পছন্দ করে। জীবের কষ্টে তার প্রাণ কাঁদে। জীবের কল্যাণের জন্য সে যে কোনো ত্যাগ করতে পারে।

ক. যোগীদের নিকট ঈশ্বর কী নামে পরিচিত? ১

খ. দেহ ও আত্মার মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে— ব্যাখ্যা কর। ২

গ. কোন শিক্ষা সোহমকে উপরোক্ত কাজে অনুপ্রাণিত করেছে? পাঠ্যপুস্তকের আলোকে বর্ণনা দাও। ৩

ঘ. 'বৃক্ষের পরিচর্যার মাধ্যমেও ঈশ্বরলাভ সম্ভব'— সোহমের এই ধারণাটি মূল্যায়ন কর। ৪

২.▶ ভজন মন্দিরে তব
পূজা যেনো নাহি রয় থেমে
মানুষের কোরো না অপমান
যে ঈশ্বর ভক্তি করে,
হে সাধক, মানুষের প্রেমে
তাঁরি প্রেম করে সপ্রমাণ

ক. শ্রীচৈতন্য মহাপ্রভুর প্রেমভক্তির ধর্ম কোন শতকের? ১

খ. 'যত্র জীবঃ তত্র শিবঃ'— বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে আধুনিক ধর্মসংস্কার যুগের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর।৩

ঘ. উদ্দীপকে আধুনিক ধর্মসংস্কার যুগের মূল চেতনাকে কতটুকু স্পর্শ করে? তোমার মতামত দাও। ৪

https://teachingbd24.com

৩.▶ মিতা 'মিলন তিথি' নামক একটি সিরিয়ালে দেখতে পেল, মল্লিক বাড়ির সকল নারী-পুরুষ পরস্পর পরস্পরকে রং মাখিয়ে একত্রে আনন্দ করছে এবং সমস্বরে তারা বলছে, 'আজ আমাদের নেড়া পোড়া, কাল আমাদের দোল, পূর্ণিমাতে বলো সবাই, বলো হরিবোল।'

ক. ধর্মাচার কী? ১

খ. দীপাবলি উৎসব কেন পালন করা হয়? ২

গ. মিতার দেখা অনুষ্ঠানটি সম্পর্কে পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. আলোচ্য অনুষ্ঠানটি হিন্দু সমাজে কীরূপ প্রভাব বিস্তার করে? এ সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৪.▶ শুভাগত তার বাবার মৃতদেহ আত্মীয়-স্বজন ও পাড়া-প্রতিবেশীদের নিয়ে সৎকার করল। অশৌচের যাবতীয় নিয়ম নিষ্ঠার সাথে পালন করলেও অর্থাভাবে সাড়ম্বরে শ্রাদ্ধানুষ্ঠান করতে পারেনি। কিন্তু সে শ্রদ্ধার সাথে সমস্ত আচার-অনুষ্ঠান সম্পন্ন করে।

ক. সংস্কার কী? ১

খ. অন্ত্যেষ্টিক্রিয়া বলতে কী বোঝায়? ২

গ. শুভাগত অশৌচের জন্য কীভাবে নিয়ম পালন করেছিল? পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. শুভাগতর পিতার শ্রাদ্ধানুষ্ঠান যথার্থভাবেই সম্পন্ন হয়েছে— উক্তির সপক্ষে যুক্তি দাও। ৪

৫.▶ সজিব বসু একজন ধর্মপ্রাণ মানুষ। ঈশ্বরের প্রতি তার রয়েছে অটুট ভক্তি। পেশায় তিনি একজন শিক্ষক। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে তিনি সংস্কৃত বিভাগে প্রথম শ্রেণি লাভ করেছিলেন। এখন তিনি শিক্ষকতার পাশাপাশি লোকালয়ের বিভিন্ন পূজা-পার্বণে পুরোহিতের ভূমিকা পালন করেন। এলাকার মানুষ তাকে খুব সম্মান করেন।

ক. 'পুরোহিত' শব্দের অর্থ কী? ১

খ. পুরোহিত ও ব্রাহ্মণের মধ্যে পার্থক্য কী? ২

গ. সজিব বসু কি প্রকৃতপক্ষে পৌরহিত্য করার যোগ্য? আলোচনা কর। ৩

ঘ. সজিব বসুকে কোন বর্ণের লোক বলে মনে হয়? যৌক্তিক কারণ তুলে ধর। ৪

৬.▶ দিপু যোগী পুরুষ হতে চায়। যোগের মাধ্যমে সে শরীরকে নিয়ন্ত্রণ করে মোক্ষলাভের প্রত্যাশা করে। এ কারণে সে নিয়মিত যম, নিয়ম ও আসন অনুশীলন করছে। আসন করার সময় উপুড় হয়ে শুয়ে উরু, হাঁটু ও পায়ের পাতা পিঠের কাছে নিয়ে চোখ বন্ধ করে শ্বাস-প্রশ্বাস গ্রহণ করে। প্রতিদিন সে ১০/১২ বার এ আসনটি অনুশীলন করে। দীর্ঘদিন অনুশীলনের ফলে সে একসময় অসুস্থ হয়ে পড়ে।

https://teachingbd24.com

ক. যোগ সূত্রের প্রণেতা কে? ১
খ. ধর্মসাধনার ক্ষেত্রে যোগের গুরুত্ব অপরিসীম কেন? ২
গ. দিপু উক্ত কাজটি কীভাবে অনুশীলন করলে সুফল পেত? ব্যাখ্যা কর। ৩
ঘ. দিপুর পক্ষে কী মোক্ষলাভ করা সম্ভব? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭.▶ তরুণের বাবা একজন ধার্মিক লোক। তাই তরুণকে ধার্মিক হওয়ার জন্য গুরুর কাছে পাঠায়। গভীর বনে বসে সে গুরুর কাছে বসে ধর্ম সম্পর্কে জ্ঞান লাভ করতে থাকে। সে বেদের বিষয়বস্তুসহ ব্রহ্ম সম্পর্কে জ্ঞান লাভ করে। পাশাপাশি জীবন, কর্ম ও ভক্তি সম্পর্কে জানতে পারে।

ক. রামায়ণ থেকে আমরা কী শিক্ষা পাই? ১
খ. 'যথা-ধর্ম তথা-জয়' কথাটি বুঝিয়ে দাও। ২
গ. উক্ত অনুচ্ছেদের আলোকে তরুণ যে গ্রন্থের জ্ঞান লাভ করে তার গুরুত্ব আলোচনা কর। ৩
ঘ. তুমি কি মনে কর তরুণের মতো ব্যক্তির গুরুর কাছ থেকে জ্ঞান আহরণের মাধ্যমে ব্রহ্মকে উপলব্ধি করা সম্ভব? বুঝিয়ে লেখ। ৪

৮.▶ **ঘটনা-১:** একদিন সন্ধ্যায় মিহির দেখে প্রচণ্ড শীতে এক ভিক্ষুক ভীষণ কাঁপছে। তখন মিহির শীতের ভয়াবহতা উপেক্ষা করে নিজের গায়ের দামী চাদরটি খুলে ভিক্ষুককে দিয়ে দিল। চাদরটি পেয়ে ভিক্ষুক প্রাণভরে মিহিরকে আশীর্বাদ করল।
**ঘটনা-২:** অনন্যা একদিন বিশ্ববিদ্যালয় থেকে ফেরার পথে এক ছিনতাইকারী তার গলার চেন নিয়ে পালানোর চেষ্টা করে। এমন সময় পথচারী ভাস্কর জীবনের ঝুঁকি নিয়ে ছিনতাইকারীকে ধরে চেনটি উদ্ধার করে এবং তাকে পুলিশের কাছে সোপর্দ করে।

ক. তরণীসেনের পিতার নাম কী? ১
খ. 'সৎসাহস ধর্মেরও অঙ্গ'— বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে ঘটনা-১ এর প্রাপ্ত শিক্ষা থেকে কীভাবে দরিদ্রদের সেবায় আত্মনিয়োগ করা যায় তা 'রন্তিবর্মার মানবতা' উপাখ্যানের আলোকে লেখ। ৩
ঘ. উদ্দীপকে ঘটনা-২ এ ভাস্কর তরণীসেনের আদর্শে উজ্জীবিত হয়েই উক্ত কাজটি করেছে— বিশ্লেষণ কর। ৪

৯.▶ কমলেশ সবসময় ধর্মীয় অনুশাসন মেনে চলেন। একদিন অফিসে যাওয়ার পথে রাস্তায় লোকের ভিড় দেখে এগিয়ে গেলে দেখতে পান তারই প্রতিবেশী ধীমান রাস্তায় রক্তাক্ত অবস্থায় পড়ে আছেন। এ অবস্থা দেখে তিনি তৎক্ষণাৎ তাকে হাসপাতালে নিয়ে যান এবং চিকিৎসকের সাহায্যে সুস্থ করে তোলেন। ধীমান বাবু বলেন, আপনি ধার্মিক মানুষ, আপনি প্রমাণ করলেন, একমাত্র ধর্মই পারে নৈতিক মূল্যবোধ জাগ্রত করতে।

https://teachingbd24.com

ক. মাদকাসক্তি কী? ১

খ. নৈতিক মূল্যবোধ হচ্ছে বিচারের মানদণ্ড— ব্যাখ্যা কর। ২

গ. কমলেশের আচরণের সাথে ধর্মপথের সম্পর্ক পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ধীমানের কথাটির সপক্ষে তোমার মতামত দাও। ৪

১০.▶ মৃন্ময় বাবু ধর্মপরায়ণ ব্যক্তি। সমাজের অধঃপতন তিনি কিছুতেই সহ্য করতে পারছেন না। ফলে তিনি সমাজের মঙ্গলকামনায় ধর্মীয় বাণী প্রচার করতে থাকেন। কিন্তু গ্রামের রবিন তার এই কর্মকে কোনভাবে গ্রহণ করতে না পেরে তাকে বিভিন্নভাবে হেনস্থা করতে থাকে তাতেও মৃন্ময় বাবু পিছু হটেন নাই। একদিন রাস্তায় নিহার আসার পথে অসুস্থ হয়ে পড়লে মৃন্ময় বাবু তাকে হাসপাতালে ভর্তি করেন এবং চিকিৎসার ব্যবস্থা করেন। রবিন সেরে উঠে মৃন্ময় বাবুর কাছে ক্ষমা প্রার্থনা করেন এবং তার সাথে কাজ করার প্রতিজ্ঞা গ্রহণ করেন।

ক. কাকে ভারতীয় চিকিৎসাশাস্ত্রের জনক বলা হয়? ১

খ. শ্রীকৃষ্ণকে পূর্ণাবতার বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে মৃন্ময় বাবুর চারিত্রিক বৈশিষ্ট্য পঠিত কোন আদর্শ চরিত এর সঙ্গে সম্পর্কযুক্ত? তা আলোচনা কর। ৩

ঘ. মৃন্ময় বাবু ক্ষমা ও প্রেমভক্তি দিয়ে রবিনের মত দুর্জন ব্যক্তিকে সৎপথে ফিরিয়ে এনেছেন— উত্তরের সপক্ষে মতামত দাও। ৪

১১.▶ শৈশবকাল থেকেই সীমার মধ্যে আধ্যাত্মিক ভাব জেগে ওঠে। তার বয়স যখন চার, তখন তিনি মাঝে মধ্যে ধ্যানমগ্ন হয়ে পড়তেন। পাঁচজন শিশুর মতো শৈশবেই তার প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করা হয়। কিন্তু পড়াশোনার প্রতি তার কোনো আসক্তি ছিল না। তিনি শুধু ঈশ্বর চিন্তা করতেন। আধ্যাত্মিক চিন্তা ভাবনায় মগ্ন থাকতেন। ভারতীয় দর্শন ও ধর্মতত্ত্ব অধ্যয়ন করে তিনি মুগ্ধ হন। তাই তিনি সুদূর প্যারিস ছেড়ে ভারতে চলে আসেন।

ক. শ্রীমার জীবনাবসানের তারিখ কত? ১

খ. শ্রীমার শৈশবকাল বর্ণনা কর। ২

গ. তোমার পাঠ্যবইয়ের কোন মহীয়সী নারীর সাথে সীমার মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত মহীয়সী নারী ছিলেন বহুমুখী প্রতিভার অধিকারী—এ বক্তব্যের সাথে তুমি কী একমত? উত্তরের সপক্ষে মতামত দাও। ৪

https://teachingbd24.com

## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট  পূর্ণমান — ৩০  বিষয় কোড : | ১ | ১ | ২ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **নারায়ণ কার অপর নাম?**
ⓚ ভগবান বিষ্ণুর ⓚ শিবের
ⓖ শ্রীরামকৃষ্ণের ⓖ শ্রীকৃষ্ণের

২. **ঈশ্বরের উপাসনায়—**
i. হৃদয়কে পরিশুদ্ধ ও পবিত্র এবং আবেগ ও অনুভূতিকে সুন্দর করে
ii. যশ, প্রতিপত্তি, বিদ্যা, ধন লাভ হয়
iii. ঈশ্বরের সান্নিধ্য লাভ ও শেষে মোক্ষলাভ হয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

৩. **'আত্মা জন্মহীন, মৃত্যুহীন, শাশ্বত, পুরাতন হয়েও চিরনতুন'— উক্তিটি কোন গ্রন্থে উল্লিখিত রয়েছে?**
ⓚ গীতায় ⓚ বিষ্ণু পুরাণে
ⓖ উপনিষদে ⓖ বেদে

৪. **ভগবানের পূর্ণ অবতার কোনটি?**
ⓚ শ্রীবিষ্ণু ⓚ শ্রীবুদ্ধ
ⓖ শ্রীরাম ⓖ শ্রীকৃষ্ণ

৫. **কোনটি কর্মযোগ?**
ⓚ মোক্ষলাভের জন্য কর্ম
ⓚ জীবনধারণের জন্য কর্ম
ⓖ ফলাকাঙ্ক্ষা বর্জিত কর্ম ⓖ সাংসারিক কর্ম

৬. **'প্রেমপূর্ণ ভক্তি দিয়েই পরম আরাধ্য ভগবানকে লাভ করা যায়'- এটি প্রবর্তন করেন—**
ⓚ শ্রীরামকৃষ্ণ ⓚ শ্রীচৈতন্য মহাপ্রভু
ⓖ স্বামী বিবেকানন্দ ⓖ ড. মহানামব্রত ব্রহ্মচারী

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭ ও ৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
সুস্মিতা শ্রাবণ মাসের একটি তিথিতে তার ভাইয়ের হাতে একটি পবিত্র সুতো বেঁধে দেয়।

৭. **সুস্মিতা কোন তিথিতে ভাইয়ের হাতে পবিত্র সুতো বেঁধে দেয়?**
ⓚ পূর্ণিমা ⓚ দ্বিতীয়া
ⓖ তৃতীয়া ⓖ চতুর্দশী

৮. **ভাইয়ের হাতে সুতো বেঁধে দেয়ার কারণ হলো—**
i. বিপদ-আপদ থেকে রক্ষা পাওয়া
ii. ভাই-বোনের মধ্যে মধুর সম্পর্ক অটুট রাখা
iii. ভাই-বোনের মধ্যকার আজীবন ভালোবাসার প্রতীক বহন করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

৯. **নিচের কোনটি বৈষ্ণবীয় উৎসব?**
ⓚ দীপাবলী ⓚ রথযাত্রা
ⓖ বর্ষবরণ ⓖ দোলযাত্রা

১০. **বর্তমান হিন্দু সমাজে প্রচলিত বিবাহ পদ্ধতিটি কোন প্রকার?**
ⓚ ব্রাহ্ম ⓚ আর্য
ⓖ প্রজাপত্য ⓖ গান্ধর্ব

১১. **সমাজ থেকে যৌতুক বা পণ প্রথা নির্মূলের জন্য প্রয়োজন—**
i. আমাদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন ও সামাজিক প্রতিরোধ
ii. নারীকে শিক্ষিত ও সচেতন করে তোলা
iii. উদার মানসিকতা ও জীবনমুখী শিক্ষা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

১২. **সদ্য প্রয়াত অমল বাবু ক্ষত্রিয় বর্ণের। তার পরিবারের কয়দিন অশৌচ পালনীয়?**
ⓚ ১০ দিন ⓚ ১২ দিন
ⓖ ১৫ দিন ⓖ ৩০ দিন

১৩. **'পূজা' শব্দের অর্থ কী?**
ⓚ প্রশংসা ⓚ পুষ্পকর্ম
ⓖ উৎসব ⓖ অনুষ্ঠান

১৪. **ব্রাহ্মণ বলতে বোঝায়—**
i. যাদের ব্রহ্মবিদ্যা সম্পর্কে সম্যক জ্ঞান ও ধারণা আছে
ii. যাদের সংস্কৃত ভাষাজ্ঞান ও শাস্ত্রজ্ঞান আছে
iii. যারা অধ্যয়ন, অধ্যাপনা, যজন-যাজন করতেন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

১৫. **বৈদিক যুগের মানুষের পূজা পদ্ধতি ছিল—**
ⓚ প্রতিমা পূজা ভিত্তিক ⓚ ধ্যান ও তপস্যা ভিত্তিক
ⓖ ভজন ও কীর্তন ভিত্তিক
ⓖ যোগ বা হোম ভিত্তিক

Teachingbd24.com

১৬. যোগসাধনা হলো—

i. ব্রহ্মের সঙ্গে সংযোগের প্রচেষ্টার নাম

ii. মুক্তি লাভের একটি বিশেষ উপায়

iii. শরীর সুগঠিত ও মনকে নিরুদ্বেগ রাখার কৌশল

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii

গ i ও iii ঘ i, ii ও iii

১৭. দেহমনকে সুস্থ ও স্থির রাখার উদ্দেশ্যে যে বিভিন্ন দেহভঙ্গি বা দেহাবস্থান তাকে কী বলে?

ক আসন খ যোগ

গ অনুশীলন ঘ যোগানুশীলন

১৮. তোমার মেরুদণ্ডকে সুস্থ ও নমনীয় করতে এবং স্থিতিস্থাপকতা বজায় রাখতে তুমি কোন আসন অনুশীলন করবে?

ক অর্ধকূর্মাসন খ গরুড়াসন

গ হলাসন ঘ বৃক্ষাসন

১৯. ধর্মের বিশেষ লক্ষণ কয়টি?

ক দুইটি খ চারটি

গ আটটি ঘ দশটি

২০. উপনিষদে রয়েছে—

i. ঈশ্বর ও ব্রহ্মকে নিয়ে আলোচনা

ii. যাগ-যজ্ঞ, অনুষ্ঠান, আচার-নিয়ম পালনের নির্দেশনা

iii. সৃষ্টি রহস্য ও মানুষের জন্ম-মৃত্যুর কারণ নিয়ে আলোচনা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii

গ i ও iii ঘ i, ii ও iii

২১. আরুণি-শ্বেতকেতু সংবাদ উপাখ্যানের শিক্ষা কী?

ক বিশ্বব্রহ্মাণ্ডের সবকিছু ব্রহ্ম কর্তৃক সৃষ্ট

খ বিশ্বব্রহ্মাণ্ডের সবকিছু ব্রহ্ম কর্তৃক নিয়ন্ত্রিত

গ সকল কাজে ব্রহ্মকে স্মরণ করা

ঘ বিশ্বব্রহ্মাণ্ডের সবকিছুকে ব্রহ্মজ্ঞান করা

২২. রাজা রাম স্ত্রী সীতাকে অত্যন্ত ভালোবাসতেন। কিন্তু প্রজাদের মনোরঞ্জনের জন্য তিনি সীতাকে ত্যাগ করতেও দ্বিধা করেননি। এটি কীসের দৃষ্টান্ত?

ক রাজনৈতিক সিদ্ধান্ত

খ স্ত্রীর প্রতি ঘৃণা

গ রাজার কর্তব্য

ঘ ধর্মাচারণ

২৩. মহাভারত বাংলায় রচনা করেন কে?

ক কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস

খ কাশীরাম দাস

গ কালীদাস পণ্ডিত

ঘ মহর্ষি বাল্মিকী

২৪. নিচের কোনটি মানবতাবোধ?

ক অপরের কষ্ট অনুভব করা

খ নিষ্ঠার সাথে কর্তব্য পালন করা

গ ধর্মীয় জ্ঞান অর্জন করা

ঘ দেব-দেবীকে ভক্তি করা

২৫. রন্তিবর্মা রাজা কার ভক্ত ছিলেন?

ক ব্রহ্মার খ বিষ্ণুর

গ শিবের ঘ কৃষ্ণের

২৬. ধর্মগ্রন্থের কাহিনীগুলোকে বলা হয়—

ক জীবনচরিত খ কাব্যগাঁথা

গ উপাখ্যান ঘ রূপকথা

২৭. ধর্মাধর্ম নির্ণয়ে বেদের পর দ্বিতীয় প্রমাণ কোনটি?

ক স্মৃতিশাস্ত্র খ পুরাণ

গ উপনিষদ ঘ মহাভারত

২৮. মানুষ কখন বিপথগামী হয়?

ক অর্থের লোভে খ পাপ কাজ করে

গ সঙ্গদোষে

ঘ ইন্দ্রিয়ের ওপর নিয়ন্ত্রণ হারিয়ে

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৯ ও ৩০ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

প্রাপ্তরাজ আমশট্ট গ্রামের একজন শিক্ষিত ও বিবেকবান ধার্মিক ব্যক্তি। তিনি কতিপয় বন্ধুকে নিয়ে একটি 'সত্যানন্দ' সভা স্থাপন করেন। যে সভার সিদ্ধান্ত ছিল— যিনি যা সত্য বলে বুঝবেন, তিনি তা প্রাণপণে কার্যে পরিণত করবেন।

২৯. প্রাপ্ত রাজের চারিত্রিক বৈশিষ্ট্য তোমার পঠিত কোন ব্যক্তির সঙ্গে সম্পর্কযুক্ত?

ক স্বামী বিবেকানন্দ খ শ্রীবিজয় কৃষ্ণ গোস্বামী

গ শ্রী অরবিন্দ ঘ শঙ্করাচার্য

৩০. তাঁর উপদেশগুলো হলো—

i. সর্বজীবে দয়া করবে

ii. জীবসেবা করলেই ঈশ্বর সেবা হবে

iii. কখনো পরনিন্দা করবে না

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii

গ i ও iii ঘ i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | গ | ৩ | ক | ৪ | ক | ৫ | ক | ৬ | খ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | ঘ |
| | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | গ |

Teachingbd24.com

https://teachingbd24.com